গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

ইডেন মহিলা কলেজ, ঢাকা।

তারিখ: ০২/০১/২০২০ খ্রি.

## ২০১৭ সনের মাস্টার্স শেষ পর্ব (নিয়মিত, অনিয়মিত, মানোন্নয়ন ও প্রাইভেট) পরীক্ষার ফরম পূরণ সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা অত্র কলেজের মাস্টার্স শেষ পর্বের ছাত্রী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬, ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন এবং ২০১৭ সনের প্রাইভেট নিয়মিত ও ২০১৬, ২০১৫ সনের প্রাইভেট অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষা সংক্রান্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞপ্তি অনুযায়ী ২০১৭ সনের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার ফিসের হিসাব, ফরম পূরণ ও ডাটা এন্ট্রির সময় নিম্নরূপ:

| বিষয়ের নাম | ফরমপূরণ ও ফি জমা দেয়ার তারিখ | সময় |
|---|---|---|
| ইংরেজি, ইতিহাস | ০৫/০১/২০২০ | অনার্স ১ম বর্ষ ও ৪র্থ বর্ষ পরীক্ষার দিন দুপুর ১:০০ টা হতে ৩:০০ পর্যন্ত এবং অন্যান্য দিন সকাল ৯:৩০ হতে দুপুর ১:০০ টা পর্যন্ত। **নির্ধারিত তারিখ ও সময়ের পর পরীক্ষার ফি গ্রহণ করা হবে না।** |
| দর্শন, রাষ্ট্রবিজ্ঞান | ০৬/০১/২০২০ | |
| ইসলামের ইতিহাস, মার্কেটিং | ০৭/০১/২০২০ | |
| সমাজবিজ্ঞান, অর্থনীতি | ০৮/০১/২০২০ | |
| হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা | ০৯/০১/২০২০ | |
| বাংলা, সমাজকর্ম | ১২/০১/২০২০ | |
| ইসলামী শিক্ষা, ফিন্যান্স ও ব্যাংকিং | ১৩/০১/২০২০ | |
| পদার্থবিজ্ঞান, রসায়ন, | ১৪/০১/২০২০ | |
| উদ্ভিদবিজ্ঞান , প্রাণিবিজ্ঞান, ভূগোল | ১৫/০১/২০২০ | |
| মনোবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, গণিত | ১৯/০১/২০২০ | |

**নিয়মিত/অনিয়মিত/ প্রাইভেট ছাত্রীদের পরীক্ষার ফি**

| বিষয়ের নাম | আইসিটি ব্যতীত ফি | আইসিটিসহ ফি |
|---|---|---|
| ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস, ইসলামী শিক্ষা, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, অর্থনীতি, মার্কেটিং, ফিন্যান্স, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, (নিয়মিত ও অনিয়মিত) | ৪,২৩০.০০ | ৫,০০৫.০০ |
| সমাজকর্ম, বাংলা (নিয়মিত ও অনিয়মিত) | ৪,০৮০.০০ | ৪,৮৫৫.০০ |
| বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস, ইসলামী শিক্ষা, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি, মার্কেটিং, ফিন্যান্স, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা (প্রাইভেট) | ৩,৯৮০.০০ | |
| পদার্থবিজ্ঞান (নিয়মিত ও অনিয়মিত) | ৪,৪৩৫.০০ | ৫,২১০.০০ |
| মনোবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, গণিত (নিয়মিত ও অনিয়মিত) | ৪,৩৬০.০০ | ৫,১৩৫.০০ |
| রসায়ন, উদ্ভিদবিদ্যা, প্রাণিবিদ্যা, ভূগোল (নিয়মিত ও অনিয়মিত) | ৪,৫১০.০০ | ৫,২৮৫.০০ |
| *** যাদের মাঠকর্ম আছে তারা ১০০০/- টাকা এবং যাদের থিসিস আছে তারা ১৫০০/- টাকা সংশ্লিষ্ট বিভাগে জমা দিবে।** | | |

০২/০১/২০২০

## গ্রেড/মান উন্নয়ন পরীক্ষার ফি

| বিষয়ের নাম | ফরম পূরণের ফি |
|---|---|
| ১ পত্র | ১,৬০৫.০০ |
| ২ পত্র | ১,৮৫৫.০০ |
| ৩ পত্র | ২,১০৫.০০ |
| ৪ পত্র | ২,৩৫৫.০০ |
| শুধুমাত্র মৌখিক/ব্যবহারিক/টার্ম পেপার/মাঠকর্ম/থিসিস পত্র | ২,১৩০.০০ |
| **মানোন্নয়ন পরীক্ষার্থীদের মৌখিক ও ব্যবহারিক পরীক্ষা থাকলে মৌখিক ফি বাবদ ৭৫/- ও ব্যবহারিক কেন্দ্র ফি বাবদ ১৩০/- (পরবর্তী প্রতিদিনের জন্য ৭৫/-) সংশ্লিষ্ট বিভাগ আদায় করবে।** | |

**আবেদন ফরম বিভাগে জমার নির্ধারিত তারিখের পরের দিন সকাল ১১:০০ টার মধ্যে রেজিস্ট্রেশন শাখায় আবেদন ফরম ক্যাটাগরি অনুযায়ী জমা দিতে হবে।**

**পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীঃ**

**১। ফরম পূরণের ফি জমা দেয়া:**

নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীরা সংশ্লিষ্ট বিভাগ হতে টাকা জমা রশিদ সংগ্রহ করে ৩ অংশে পরীক্ষার্থীর নাম, বিষয়ের নাম, ক্লাস রোল নম্বর, টাকার পরিমাণ ও নিজ মোবাইল নম্বর (স্বচল) অবশ্যই লিখতে হবে। ক্যাশ শাখায় নির্ধারিত টাকা জমা দিয়ে স্ব স্ব বিভাগে গিয়ে ফরম সংগ্রহ ও জমা দিবে। প্রাইভেট পরীক্ষার্থীরা রেজিস্ট্রেশন শাখায় সকল কার্যক্রম সম্পন্ন করবে।

**১। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলি ঃ**

(ক) **নিয়মিত ও প্রাইভেট শিক্ষার্থীর ক্ষেত্রে ঃ**

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত নিয়মিত শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

(খ) **অকৃতকার্য শিক্ষার্থীর ক্ষেত্রে ঃ**

F গ্রেড প্রাপ্ত শিক্ষার্থীরা ২০১৭ সনের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। একজন শিক্ষার্থী F গ্রেড প্রাপ্ত কোর্সের পাশাপাশি **মানোন্নয়নের জন্য C এবং D গ্রেড প্রাপ্ত সর্বোচ্চ দুইটি কোর্সে** ২০১৭ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় চলতি সিলেবাস অনুযায়ী অংশগ্রহণের সুযোগ পাবে। তবে **C এবং D গ্রেড প্রাপ্ত কোর্সে** একবারের বেশি মানোন্নয়নের সুযোগ পাবে না।

(গ) **মানোন্নয়নের ক্ষেত্রে ঃ**

একজন শিক্ষার্থী মানোন্নয়নের জন্য **শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্সে** ২০১৭ সালের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় চলতি সিলেবাস অনুযায়ী অংশগ্রহণের সুযোগ পাবে। তবে একবারের বেশি মানোন্নয়নের সুযোগ পাবে না।

**CGPA উন্নয়নের ক্ষেত্রে ঃ**

একজন শিক্ষার্থী CGPA উন্নয়নের জন্য শুধুমাত্র ২০১৭ সনের মাস্টার্স শেষ পর্ব পরীক্ষায় C এবং D গ্রেড প্রাপ্ত সর্বোচ্চ ০২ (দুই) টি কোর্সের পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে ।

(ঙ) ইনকোর্স, টার্মপেপার, মৌখিক, ব্যবহারিক, মাঠকর্ম ও থিসিস পরীক্ষায় গ্রেড উন্নীতকরণের কোনো সুযোগ নাই।

বিঃ দ্রঃ- কোনো শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তার পূর্বের গ্রেড বহাল থাকবে। মানোন্নয়নের ক্ষেত্রে ১ম অথবা ২য় বারের পরীক্ষার মধ্যে যে গ্রেড উচ্চতর হবে তা যোগ করা হবে এবং তার ভিত্তিতেই ফলাফল নির্ধারণ করা হবে।

২। **ইনকোর্স ও টার্ম পেপার পরীক্ষার প্রয়োজনীয় শর্তাবলি ঃ**

ক) সকল পরীক্ষাথীদের (নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট) ক্ষেত্রে কলেজের সংশ্লিষ্ট বিভাগ ২০% নম্বরের একটি ইন-কোস/টার্ম পেপার পরীক্ষার প্রাপ্ত নম্বর রেজিস্ট্রেশন নম্বরে বিপরীতে এন্টি করে এর ১ কপি উপ-পরীক্ষা নিয়ন্ত্রক ও ২কপি পরীক্ষা কমিটির নিকট প্রেরণ করতে হবে।

খ) ইনকোর্স ও টার্মপেপার পরীক্ষার মূল নম্বর পত্রের (ম্যানুয়াল কপি) ফটোকপি কলেজ সংরক্ষণ করবে এবং মূল কপি (ম্যানুয়েল কপি) ফরম পূরণের বিবরণী ও ফি জমাদানের সাথে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট শাখায় জমা দিতে হবে ।

৩। **পাঠ্যসূচি ঃ**

২০১৫-২০১৬ শিক্ষাবষের ICT সহ এমএ/এমএসএস/এমবিএ/এমএসসি শেষ পর্ব পরীক্ষা ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত চলতি সিলেবাস ও রেগুলেশন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

৪। **অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য) ঃ**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Formfilup বাটনে** ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও বিষয় কোড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে।

খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে কলেজ **বিভাগীয় প্রধান** স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ১৬/০১/২০২০ তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩১০ নং কক্ষে জানাতে হবে।

৫। **পরীক্ষার্থীদের জন্য করনীয় ঃ**

পরীক্ষার্থীরা অনলাইনে আবেদন ফরম পূরণ করে নির্ধারিত-ফি সহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে সঠিক আছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে। বিষয় কোড ভুল এন্ট্রির জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না। আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে বিশেষ করে কোড সিলেক্ট করতে ভুল হলে তা পুনরায় বিশ্ববিদ্যালয়ে আবেদনের প্রেক্ষিতে সঠিকভাবে পূরণ করতে হবে। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

02/01/2020

**৬। কলেজের জন্য করণীয় ঃ**

যে সকল পরীক্ষার্থী ২০১৭ সালের মাস্টার্স শেষ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে কিন্তু অনলাইনে পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থী থাকলে এবং তালিকায় তার ডাটা না পাওয়া যায় সে ক্ষেত্রে তার রেজাল্ট ও রেজিস্ট্রেশনের মেয়াদ যাচাইপূর্বক নির্ভুলভাবে নির্দিষ্ট এক্সেল ফরমেটে (ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রেরিত) পরীক্ষার্থীদের ডাটা ২২/০১/২০২০ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। এছাড়াও অনলাইনে আবেদন ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি ঢাকা বিশ্ববিদ্যালয়ে নির্ধারিত তারিখে জমা দিবে এবং এক কপি কলেজ সংরক্ষণ করবে উল্লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়া পর্যন্ত।

02/01/2020

অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:

১। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
২। প্রধান সহকারী, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৩। কোষাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৪। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা।
৫। সংরক্ষণ নথি।